

নং- ২৬.০২.০০০০.৩১.৫৮.৫৯৯.২১-১৬৮

তারিখঃ ২৫ শ্রাবণ ১৪২৮ বঙ্গাব্দ।
০৯ আগস্ট ২০২১ খ্রিষ্টাব্দ।


বিষয়ঃ আগামী ১৫-১৮ নভেম্বর, ২০২১ সময়ে দুবাই এ অনুষ্ঠেয় Arab Plast শীর্ষক মেলায় অংশগ্রহণ।

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, আগামী ১৫-১৮ নভেম্বর, ২০২১ সময়ে দুবাই এ Arab Plast শীর্ষক মেলা অনুষ্ঠিত হবে। উক্ত মেলায় অংশগ্রহণের জন্য রপ্তানি উন্নয়ন ব্যুরো প্রাথমিকভাবে সিদ্ধান্ত গ্রহণ করেছে। মেলাটি Plastics, Petrochemicals, Packaging & Rubber পণ্য খাতের একটি উল্লেখযোগ্য মেলা। প্রতিটি ১২ বর্গমিটার বিশিষ্ট বুথ ফি টাকা ৫,৬২,৫০০/- (পাঁচ লক্ষ বাষট্টি হাজার পাঁচশত) মাত্র নির্ধারণ করা হয়েছে। এছাড়া কর্ণার বুথের জন্য টাকা ১৮,০০০/- মাত্র প্রদান করতে হবে। মেলায় অংশগ্রহণের জন্য নিম্নরূপ হারে ভর্তুকী প্রদান করা হবে:

ক্রমিক নং	রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার)	ক্যাটাগরী	ইপিবি প্রদেয় সর্বোচ্চ সহায়তার শতকরা হার
০১।	রপ্তানিকারক সকল প্রতিষ্ঠানের জন্য	“ক”	৪০%
০২।	প্রারম্ভিক (কোন রপ্তানি নেই)	“খ”	৫০%

০২। উক্ত মেলায় অংশগ্রহণের লক্ষ্যে আপনার সমিতিভূক্ত সদস্য প্রতিষ্ঠানসমূহ/স্বনামধন্য রপ্তানিকারক প্রতিষ্ঠান আগ্রহী হলে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ ব্যুরোর নির্ধারিত ছক মোতাবেক আবেদনপত্র পে-অর্ডার সহকারে আগামী ৩১ আগস্ট, ২০২১ তারিখের মধ্যে ইপিবি'র মেলা বিভাগে দাখিলের জন্য অনুরোধ জানানো হলো। আবেদন পত্রের ছক www.epb.gov.bd থেকে ডাউনলোড করা যাবে। আবেদনপত্রের সাথে (ইআরসি, ট্রেড লাইসেন্স, আয়কর ও ভ্যাট সার্টিফিকেট, অংশগ্রহণকারী প্রতিনিধির পাসপোর্ট কপি, অন্যান্য দেশ ভ্রমণের ভিসা কপি, ২০২০-২০২১ অর্থবছরের পিআরসি) অবশ্যই দাখিল করতে হবে।

০৩। উল্লেখ্য, সংশ্লিষ্ট দেশের ভিসা ইস্যু সম্পূর্ণই দূতাবাসের নিজস্ব বিবেচনা বিধায় কোন কারণে কোন প্রতিনিধি ভিসা প্রাপ্ত না হলে ইপিবি'র উপর দায়দায়িত্ব বর্তাবে না। কোন প্রতিষ্ঠান নির্বাচিত হওয়ার পর কোন কারণে মেলায় অংশগ্রহণ না করলে অংশগ্রহণ ফি ফেরতযোগ্য নয়। তবে কোন আবেদনকারী প্রতিষ্ঠানকে মনোনীত করা না হলে তাদের অংশগ্রহণ ফি বাবদ দাখিলকৃত পে-অর্ডার ফেরত দেওয়া হবে।



(আবু মোখলেছ আলমগীর হোসেন)
উপ পরিচালক (মেলা)

বিতরণ : সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (৬০, মতিঝিল সি/এ, ঢাকা। ইমেইল: fbcci@bol-online.com
২. সভাপতি, ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ৬৫-৬৬, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০। ইমেইল - info@dhakachamber.com
৩. সভাপতি, মেট্রপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, ১২২-১২৪, মতিঝিল সি/এ, ঢাকা। ই-মেইল: info@mccibd.org
৪. সভাপতি, বাংলাদেশ প্লাস্টিক দ্রব্য প্রস্তুতকারক এসোসিয়েশন, পল্টন টাওয়ার, স্যুইট নং-৬০৩ ও ৬০৪, নয়্যাপল্টন, ৮৭ পুরানা পল্টল লেন (৭ম তলা), ঢাকা। E-mail: bpgmea@aitlbd.net
৫. President, Bangladesh Paper Mills Association (BPMA), Plot No. 335, 1st floor, Bock No. D, Basundhara Residential Area, Dhaka. Ph: 02-8401982. E-mail: bpma.bd@gmail.com
৬. President, Bangladesh Pet Flakes Manufacturers and Exporters Association (BPFMEA), Rahmania International complex, Suite No. 12, 6th floor, 28/1-C, Toyenbee Circular Road, Motijheel C/A, Dhaka. E-mail: farha@bangla.net
৭. President, Bangladesh Corrugated Carton & Accessories Manufactures & Exporters Association, Sonatari Tower (9th Floor), 12, Sonargaon Link Road, Banglamotor, Dhaka-1000. Email: hgapmea@gmail.com Phone-9632717, 9632700
৮. President, Packaging Industry Association of Bangladesh, 68, Dilkusha C.A. (Ground Floor), GPO Box No-535, Motijheel, Dhaka - 1000, 01711522258 E-mail: eliteppl@gmail.com
৯. President, Printing Association of Bangladesh, City Heart Building, 5th Floor, 67, Naya paltan. Dhaka. E: bmss-2010@yahoo.com
১০. প্রোগ্রামার, রপ্তানী উন্নয়ন ব্যুরো, ঢাকা। বিজ্ঞপ্তিটি ইপিবি'র ওয়েব সাইটে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

অনুলিপি (জ্ঞাতার্থে):

- ০১। পিএ টু মহাপরিচালক-১, রপ্তানী উন্নয়ন ব্যুরো, ঢাকা। মহা-পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০২। পিএ টু পরিচালক (মেলা), রপ্তানী উন্নয়ন ব্যুরো, ঢাকা। পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।